



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ ফেব্রুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে সেনা-মদদপুষ্ঠ সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ কর্মীকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে আজ শনিবার (১৭ ফেব্রুয়ারি ২০১৮) সকালে খাগড়াছড়ি সদর উপজেলার হরিনাথ পাড়ায় সেনাবাহিনীর লোলিয়ে দেয়া সন্ত্রাসী কর্তৃক দিলীপ কুমার চাকমা ওরফে বিনয় (৪২) নামে এক ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল সাড়ে ৮টার দিকে সেনা-মদদপুষ্ঠ ৯ জনের একটি সন্ত্রাসী দল ইউপিডিএফ'র স্থানীয় কর্মীদের উপর হামলা চালায়। সন্ত্রাসীদের উপর্যুপরি ব্রাশ ফায়ারে দিলীপ কুমার চাকমা ঘটনাস্থলেই নিহত হন।

নিহত দিলীপ কুমার চাকমা পানছড়ি উপজেলার চেঙ্গী ইউনিয়নের পুজগাঙের মুনিপুর (লেন্দিয়া পাড়া) গ্রামের সন্তোষ কুমার চাকমার ছেলে।

বিবৃতিতে তিনি এ ঘটনাকে কাপুরুষোচিত উল্লেখ করে বলেন, সেনাবাহিনী রাজনৈতিক ও আদর্শিকভাবে ইউপিডিএফ-কে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে সন্ত্রাসী দিয়ে ইউপিডিএফ'র নেতা-কর্মীদের হত্যায় মেতে উঠেছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের কাছে দাবি জানান।

উল্লেখ্য, সেনা বাহিনীর ভাড়াটে সন্ত্রাসীরা গত ৩ জানুয়ারি ইউপিডিএফ সংগঠক চাকমাকে হত্যা করে এবং ২৬ জানুয়ারি শান্তিময় চাকমা নামে আরো এক ইউপিডিএফ সদস্যকে হত্যার উদ্দেশ্যে গুলি করে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।